পৃথিবীর সেরা আবেদনময়ী!

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: কেট আপটন, হলিউড ছবি থেকে আন্তর্জাতিক ফ্যাশন ম্যাগাজিন ‘ভোগ’-এর কভার পেজ- সবই তার হাতের মুঠোয়। সম্প্রতি ম্যাক্সিম ম্যাগাজিন তাকে পৃথিবীর সেরা যৌন আবেদনময়ীর তকমা দিয়েছে।

ওই বিদেশি ম্যাগাজিনের সাম্প্রতিক ইস্য়ুতে প্রকাশিত হয়েছে এই বছরের হট হান্ড্রেড তালিকা। সেই তালিকায় কার্দাশিয়ান বোনেদেরও পিছনে ফেলে দিয়েছেন কেট।

আমেরিকার মিশিগানে জন্ম নেয়া কেটের ছবি ২০১০-১১ সালে স্পোর্টস ইলাস্ট্রেটেড-এর স্যুইমস্যুট ইস্যুতে ঝড় তুলেছিল। ২০১১ সালেই তার একটি হিপ-হপ ভিডিও সোশ্যাল মিডিয়ায় লিক হতেই তার জনপ্রিয়তা তুঙ্গে।

এরপর ২০১৪ সালে ইন্টারনেটে নগ্ন ছবি লিক হওয়া নিয়ে প্রবল বিতর্কও তৈরি হয় তাকে নিয়ে। তবে সেই সব নিয়ে কোনোদিনই মাথা ঘামাননি কেট।

মাত্র ২৬ বছর বয়সেই পৃথিবীর হায়েস্ট পেইড মডেলদের তালিকায় নাম লিখিয়েছেন, মডেলিং জগতের সেরা পুরস্কারও জিতেছেন। আর ম্যাক্সিম হট হান্ড্রেড হওয়ার পরে স্বাভাবিকভাবেই আরও বেড়ে গিয়েছে তার তারকামূল্য।

নিউজবিডি৭১/আ/১২ জুন ,২০১৮